

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ অধিশাখা
৯১, মতিঝিল, বাঃএ, ঢাকা।
www.moind.gov.bd

শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির
(ডিসেম্বর ২০২০ মাসের) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কে এম আলী আজম
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২২/১২/২০২০
সময় : বিকাল ০৪.০০ টা
স্থান : জুম এ্যাপস এর মাধ্যমে

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ১৫/১১/২০২০ তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি উপস্থাপনার জন্য শিল্প মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ সালাউদ্দিন, যুগ্মসচিব-কে আহ্বান জানান। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	<p>শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় নিম্নলিখিত সংশোধনের বিষয়ে অনুমোদন প্রদান করা হয়। যা ২১/১২/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়।</p> <p><u>সংশোধনী প্রস্তাবসমূহ :</u></p> <p><u>বিদ্যমান :</u> ৩.২ বিএসটিআই'র কোয়ালিটি এক্সিলেন্স এ্যাওয়ার্ড প্রদান নীতিমালা ২০২০ অনুমোদন</p> <p><u>লক্ষ্যমাত্রা :</u> ১০/১০/২০২০</p> <p><u>সংশোধনী প্রস্তাব :</u></p> <p>৩.২ বিএসটিআই'র কোয়ালিটি এক্সিলেন্স এ্যাওয়ার্ড প্রদান নীতিমালার খসড়া প্রণয়ন</p> <p><u>প্রস্তাবিত লক্ষ্যমাত্রা :</u> ৩০/০৪/২০২১</p> <p>৬.১ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন</p> <p><u>বিদ্যমান লক্ষ্যমাত্রা :</u> ৩১/০৮/২০২০</p> <p><u>প্রস্তাবিত লক্ষ্যমাত্রা :</u> ৩১/১২/২০২০</p>	<p>শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সংশোধনীসমূহ যথাযথভাবে অন্তর্ভুক্তির জন্য ডিসেম্বর/২০২০ মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।</p>	<p>শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়</p>
২	<p>শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার প্রতিবেদন অনুযায়ী দপ্তর/ সংস্থায় নিয়মিত ই-নথি/ই-মেইলের</p>	<p>দাপ্তরিক কার্যক্রমে নিয়মিত ই-নথি/ই-মেইল ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে</p>	<p>অতিরিক্ত সচিব (সকল), শিল্প</p>

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং শিল্প মন্ত্রণালয়ে এ কার্যক্রম অব্যাহত রয়েছে।	মন্ত্রণালয়ের ক্ষেত্রে অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থার ক্ষেত্রে দপ্তর/সংস্থা প্রধানগণ বিষয়টি মনিটর করবেন।	মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)
৩	শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। সভাপতি মহোদয় বলেন যে, APA এর বাস্তবায়ন নির্ভর করে IAP'র উপর। প্রত্যেক কর্মকর্তা যদি তার নিদিষ্ট সময় নিদিষ্ট কাজ করেন তা হলে আমরা নিদিষ্ট লক্ষ্যে পৌঁছতে পারবো। IAP কি ভাবে বাস্তবায়ন করা যায় সে বিষয়ে সকলকে সচেষ্ট থাকতে হবে। প্রত্যেকটি উইং প্রধানগণ প্রতিমাসে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি করে সভা করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করেন।	শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থা প্রধানগণ- আরও উদ্যোগী এবং আন্তরিক হতে হবে এবং উইং প্রধানগণ তার সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে প্রতিমাসে একটি করে সভা করতে হবে।	অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কে এম আলী আজম)
সচিব

ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়